



“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড

## Nuclear Power Plant Company Bangladesh Limited

(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)

শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি



# নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০২.১৮-৪০৮

তারিখ : ০৯ ডিসেম্বর ২০২০

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর স্বত্বাধীন প্রতিষ্ঠান নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এ নিম্নের বর্ণনা মোতাবেক নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও গ্রেড	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সিনিয়র ল্যাব টেকনিশিয়ান (কেমিক্যাল) [গ্রেড-১৪]	১৩	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান)/ সমমান বা কেমিস্ট্রি/ কেমিকেল টেকনোলজি বিষয়ে সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে কেমিস্ট্রি বা কেমিকেল ল্যাবরেটরি এর কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা
০২	সিনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) [গ্রেড-১৪]	০৭	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ ইলেকট্রিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা
০৩	সিনিয়র টেকনিশিয়ান (ইলেকট্রনিক্স) [গ্রেড-১৪]	০৭	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ ইলেকট্রনিক টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা
০৪	সিনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল) [গ্রেড-১৪]	৩২	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুলস্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ মেকানিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা
০৫	সিনিয়র টেকনিশিয়ান (কুলিং এন্ড এয়ার কন্ডিশনিং) [গ্রেড-১৪]	০১	সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১২ (বার) বছরের অভিজ্ঞতা

### আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :

- মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- যে-কোনো পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ অথবা ৪.০০ এর মধ্যে ২.৫০ থাকতে হবে; সনাতন ফলাফল পদ্ধতির অধীন উভয় পরীক্ষায় ২য় বিভাগ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।
- ০৩/০১/২০২১ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ৩৫ (পঁয়ত্রিশ) বছর

### বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :

- প্রথম ১ (এক) বছর প্রবেশনকাল গণ্য করা হবে, তবে প্রবেশনকাল ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত হতে পারে। প্রবেশনকাল সফল ভাবে সমাপ্তির পর প্রবেশনকালে এনপিসিবিএল কর্তৃক প্রণীত প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/ নিশ্চিতকরণ করা হবে।
- কর্মস্থল হবে বাংলাদেশের যে-কোন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল নির্ধারিত যে-কোন স্থানে।
- প্রবেশনকালে ২৭,৬০০/- (সাতাশ হাজার ছয় শত) টাকা হারে মাসিক মূল বেতন ও বিধি মোতাবেক উৎসব ভাতা এবং প্রকল্প সাইটে কর্মকালীন মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর উপরের ৩নং দফায় বর্ধিত মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%-৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা / বিদ্যুৎ কেন্দ্র ভাতা, ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাটুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে।
- যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বৈচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

### আবেদন ও নির্বাচন পদ্ধতি :

- অগ্রহী প্রার্থীকে “Online Application Form” এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্য সহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ১৩.১২.২০২০ তারিখ থেকে ০৩.০১.২০২১ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। <http://npcbl.teletalk.com.bd> ঠিকানায় “Online Application Form” পাওয়া যাবে।
- প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে “আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)” সংগ্রহ করতে হবে যা মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।
- প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য <http://npcbl.teletalk.com.bd> ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।
- যে-কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরনের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন : [www.rooppump.gov.bd](http://www.rooppump.gov.bd) অথবা <http://npcbl.portal.gov.bd>

- কোম্পানী সেক্রেটারী